# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৯৮১

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২১. দাদী/নানী সম্পর্কে ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু এর মতামত

باب قَوْلِ ابْنِ مَسْعُودٍ فِي الْجَدَّاتِ

### আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا الْأَشْعَثُ عَنْ ابْنِ سِيرِينَ عَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ إِنَّ الْجَدَّاتِ لَيْسَ لَهُنَّ مِيرَاثٌ إِنَّمَا هِيَ طُعْمَةٌ أُطْعِمْنَهَا وَالْجَدَّاتُ أَقْرَبُهُنَّ وَأَبْعَدُهُنَّ سَوَاءٌ

### বাংলা

২৯৮১. ইবনু সীরীন (রহঃ) হতে বর্ণিত, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, দাদী-নানীগণ মীরাছ পাবে না, তবে তাদেরকে যা দেওয়া হয়েছিল, তা তাদের পানাহারের জন্য দেওয়া হয়েছিল। এক্ষেত্রে তারা দুরবর্তী ও নিকটবর্তী উভয়েই সমান।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদে দু’টি ত্রুটি বিদ্যমান: ১. আশ’আছ ইবনু সিওয়ার এর দুর্বলতা ২. সনদে বিচ্ছিন্নতা।

তাখরীজ: বাইহাকী, ফারাইয ৬/২২৫, ২২৬। তবে অপর সনদে ইবনু আবী শাইবা ১১/৩২৬ নং ১১৩৩৭ এ বর্ণনা করেন যে, আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু দাদী-নানীগণকে মীরাছ দিতেন যদি তারা দশ জনও হতেন; আর তিনি বলতেন: আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে একভাগ দিয়েছিলেন, তা ছিল তাদের পানাহারের উদ্দেশ্যে। অপর একটি যয়ীফ সনদে আব্দুর রাযযাক, আল মুসান্নাফ নং ১৯০৯১; ইবনু হাযম, আল মুহাল্লা ৯/২৭৭ শেষাংশ বর্ণনা করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন